

## ■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়েম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: প্রবৃত্তির অনিষ্টতা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

পরিচ্ছেদ: প্রবৃত্তির অনিষ্টতা

প্রবৃত্তির চাহিদার ওপর ধৈর্যধারণের চেয়ে প্রবৃত্তি থেকে বিরত থাকার ওপর ধৈর্যধারণ করা অধিকতর সহজ। কেননা প্রবৃত্তি হয়ত কষ্ট ও শাস্তি অত্যাবশ্যকীয় করে অথবা প্রবৃত্তির চেয়ে অধিক আনন্দকে ছিন্ন করে অথবা এমন কিছু সময় নষ্ট করে যা শেষ হলে আফসোস ও অনুশোচনা ছাড়া কিছুই থাকবে না অথবা সম্মানহানী করবে, যা অসম্মানী না করার চেয়ে উত্তম ছিলো অথবা কিছু সম্পদ নিয়ে যাবে, যা অবশিষ্ট থাকা শেষ হওয়া চেয়ে উত্তম অথবা প্রভাব-প্রতিপত্তি নষ্ট করবে, যা বিদ্যমান থাকা বিনষ্ট হওয়ার চেয়ে উত্তম, কোনো নি'আমত উঠিয়ে নেওয়া হবে, যা প্রবৃত্তির চাহিদা মিটানোর চেয়ে অবশিষ্ট থাকা অধিক মজাদার ও পবিত্রতম অথবা সামান্য কিছুর জন্য পথ করে দিবে যা ইতিপূর্বে সে পায় নি অথবা দুশ্চিন্তা, বিষণ্ণতা, উদ্বিগ্নতা, ভয়-ভীতি ইত্যাদি নিয়ে আসবে যা প্রবৃত্তির আরামের ধারে কাছেও নয় অথবা এমন কিছু ইলম ভুলিয়ে দিবে যা স্মরণ করা প্রবৃত্তিকে পাওয়ার চেয়ে অধিক মজাদার অথবা শত্রুকে নিরাশ করবে এবং বন্ধুকে চিন্তিত করবে অথবা ভবিষ্যৎ নি'আমতের পথ বন্ধ হওয়া অথবা এমন কিছু দোষ-ক্রটি আলোচনা করবে যেসব দোষ-ক্রটি দূরীভূত হয় না। কেননা কর্ম গুণাবলী ও আখলাক পয়দা করে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=9750

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন